

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নং- রাশিবো/মাধ্যমিক/পনি-১৫২

তারিখ : ০৬/০১/২০১৯

বিষয় : ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনার জন্য 'কেন্দ্র কমিটি' গঠন প্রসঙ্গে

২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা সুষ্ঠু, স্বাভাবিক, সুশৃঙ্খল পরিবেশে পরিচালনার নিমিত্তে রাজশাহী শিক্ষা বোর্ডের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা ২০১৯ অনুসারে ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট 'কেন্দ্র কমিটি' গঠনের জন্য নির্দেশক্রমে তাঁকে অনুরোধ করা হ'ল। কেন্দ্র কমিটি ০১(এক) জন সভাপতি এবং ০৪(চার) জন সদস্য নিয়ে গঠিত হবে। কেন্দ্র কমিটি নিম্নরূপভাবে গঠন করতে হবে।

১. চেয়ারম্যান : জেলা সদরের জন্য জেলা প্রশাসক, উপজেলা ও অন্যান্য স্থানের কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা।

২. সদস্যবৃন্দ :

- ক. জেলা শিক্ষা অফিসার (জেলা সদরের জন্য)
- খ. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (উপজেলার জন্য)
- গ. সরকারি বিদ্যালয় এর প্রধান শিক্ষক- ০১ জন ও বেসরকারি বিদ্যালয় এর প্রধান শিক্ষক- ১ জন সদস্য হতে পারবেন (সরকারি বিদ্যালয় না থাকলে বেসরকারি বিদ্যালয়ের ২জন)।
- ঘ. কেন্দ্র সচিব কেন্দ্র কমিটির সদস্য সচিব হবেন।

উল্লেখ্য, কোন শিক্ষক অথবা কোন কর্মকর্তার ছেলে/মেয়ে/পোষ্য রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন পরীক্ষায় অংশগ্রহণ করলে তিনি ঐ পরীক্ষায় কেন্দ্র সচিব হতে পারবেন না। কেন্দ্র কমিটি গঠনের পর কেন্দ্রওয়ারী গঠিত কমিটির সদস্যবৃন্দের নামে তালিকা নিম্নস্বাক্ষরকারীর নিকট ২০/০১/২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।

০৬/০১/১৯
প্রফেসর ড. মো: আনারুল হক প্রাং
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক

জেলা প্রশাসক

রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৩. সিভিল সার্জন/পুলিশ সুপার, রাজশাহী/ চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা
৪. রাজশাহী/ চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার
৫. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/ চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৬. রাজশাহী/ চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
৭. কেন্দ্র সচিব

.....উচ্চ বিদ্যালয়/কলেজ, ডাক :.....

জেলা :.....। তাঁর বিদ্যালয় ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা গ্রহণের জন্য পরীক্ষা কেন্দ্র হিসাবে নির্বাচন করা হয়েছে। তাঁকে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে যথাসময়ে পরীক্ষার কেন্দ্র গঠন সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পন্ন করতে অনুরোধ করা হ'ল।

৮. অফিস নথি।

০৬/০১/১৯
হোসনে আরা আরজু
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

ফোন- ০৭২১-৭৭৫৮৫১